

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১৯. ইসমাঈলের (আ) গলায় ছুরি চালানো

কুরআন কারীমে সূরা 'সাক্ষাত'-এ মহান আল্লাহ ইবরাহীম (আঃ) কর্তৃক পুত্রকে কুরবানী করতে উদ্যত হওয়ার বিষয় উল্লেখ করেছেন। আল্লাহ বলেন: "(ইবরাহীম বলল) হে আমার প্রতিপালক, আমাকে এক সৎকর্ম-পরায়ণ সন্তান দান কর। অতঃপর আমি তাকে এক স্থির-বুদ্ধি পুত্রের সুসংবাদ দিলাম। অতঃপর সে যখন তার পিতার সঙ্গে কাজ করবার মত বয়সে উপনীত হল তখন ইবরাহীম বলল, বৎস, আমি স্বপ্নে দেখি যে, তোমাকে আমি যবাই করছি, এখন তোমার অভিমত কি বল? সে বলল, হে আমার পিতা, আপনি যা আদিষ্ট হয়েছেন তাই করুন। আল্লাহ ইচ্ছা করলে আপনি আমাকে ধৈর্যশীল পাবেন। যখন তারা উভয়ে আনুগত্য প্রকাশ করল এবং ইবরাহীম তার পুত্রকে কাত করে শায়িত করল, তখন আমি তাকে আহবান করে বললাম, হে ইবরাহীম, তুমি তো স্বপ্নাদেশ সত্যই পালন করলে। এভাবেই আমি সৎকর্ম প্রায়ণদিগকে পুরস্কৃত করে থাকি।"

এখানে বিষয়টি অত্যন্ত সুস্পষ্টভাবে বলা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও অনেক মিথ্যা ও কুরআন-হাদীসের বর্ণনার বিপরীত কথা হাদীস ও তাফসীর হিসাবে প্রচলিত। কয়েকটি বিষয়ের দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করছি।

- (ক) কুরআন কারীমে সুস্পষ্ট উল্লেখ করা হয়েছে যে, ইবরাহীম তার পুত্রকে জবাই করতে স্বপ্নে দেখেছিলেন। আমাদের দেশে প্রচলিত আছে যে, ইবরাহীম স্বপ্নে দেখেন যে, 'তোমার সবচেয়ে প্রিয় বস্ত্তকে কুরবানী কর।' এ কথাটি ভিত্তিহীন: কোনো সহীহ বা যয়ীফ হাদীসে এরূপ কথা বর্ণিত হয় নি।
- (খ) কুরআনে সুস্পষ্ট উল্লেখ করা হয়েছে যে, ইবরাহীম তাঁর পুত্রকে জানান যে, তিনি তাঁকে জবাই করার স্বপ্ন দেখেছেন। কিন্তু প্রচলিত আছে যে, ইবরাহীম তাঁর স্ত্রীকে ও পুত্রকে দাওয়াত খাওয়া... ইত্যাদি মিথ্যা কথা বলে ঘর থেকে বের করে নিয়ে যান। ... সর্বশেষ তিনি পুত্রকে সত্য কথাটি জানান। এ সকল কথা কোনো নির্ভরযোগ্য সূত্রে রাসূলুল্লাহ (المالية) থেকে বর্ণিত হয় নি। এ ছাড়া এই কথাগুলো নবীগণের মর্যাদার খেলাফ। আল্লাহর খলীল তাঁর স্ত্রী ও পুত্রকে কেন মিথ্যা কথা বলবেন?
- (গ) প্রচলিত আছে যে, ইবরাহীম পুত্র ইসমাঈলকে দড়ি দিয়ে ভাল করে বাঁধেন। এরপর শুইয়ে তাঁর গলায় বারংবার ছুরি চালান....। এগুলো সবই বানোয়াট ও ভিত্তিহীন কথা। কুরআনে তো সুস্পষ্টই বলা হচ্ছে যে, জবাই করার প্রস্তুতি নেয়ার সঙ্গে সঙ্গেই আল্লাহর পক্ষ থেকে আহবান এসে যায়। কোনো ছুরি চালানোর ঘটনা ঘটে নি। হাদীস শরীফেও বর্ণিত হয়েছে যে, জবাইয়ের প্রস্তুতি নেওয়ার সময়েই আল্লাহর পক্ষ থেকে বিকল্প জানোয়ার প্রদান করা হয়।
- এ বিষয়ে ত্রয়োদশ হিজরী শতকের প্রসিদ্ধ সিরিয় মুহাদ্দিস মুহাম্মাদ ইবনুস সাইয়িদ দরবেশ হূত (১২৭৬ হি) বলেন, ইবরাহীম (আঃ)-এর বিষয়ে যে গল্প প্রচলিত আছে যে, তিনি তাঁর পুত্রের গলায় ছুরি চালিয়েছিলেন, কিন্তু কাটে নি... এ গল্পটি জাল, মিথ্যা এবং যিন্দীকদের বানানো...।



## ফুটনোট

- [1] সূরা (৩৭) সাক্ষাত: ১০০-১০৫ আয়াত।
- [2] ইবনু কাসীর, তাফসীর ৪/১৬।
- [3] দরবেশ হূত, আসনাল মাতালিব, পৃ. ২৮৩-২৮৪।
- Source https://www.hadithbd.com/books/link/?id=4779

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন